

আমাদের রাষ্ট্রভূমি মাছচাষ যোগ্য  
নাকি উর্বরা ধানের জমি-  
সংবিধানে বিশেষ বর্ণনা নাই।  
পঞ্চম সপ্তম ত্রয়োদশ সংশোধনীতেও  
বলা হয়নি ভালবাসা মানে  
যে নারী নিষিদ্ধ।

ক্ষমতা মানে সুখের অসুখ।  
প্রেম মানে বরেন্দুর মুখ।  
যদিও কোন পত্রিকা লিখে না  
হরতালের দিন আমাদের প্রধানমন্ত্রী  
কিভাবে কাটালেন।  
জীবন মানে একটা মরন-  
প্রেমের জন্য প্রিজন বরণ।

প্রিয় জন্মভূমি। প্রিয় স্বদেশ। প্রিয় মৃত্তিকা।  
বজ্রবন্ধু হলের ঐধ্যত্ব আগ্নেয়াজ্র  
কিংবা ব্লুম্পার গণধর্ষণের ভিডিও ছবি  
মানচিত্রের কোথায় রাখা হবে-  
সিদ্ধান্তে আসেনি তদন্ত কমিটি।  
জাতীয় সংসদ চলছে তো চলছেই।  
আপনারা থামুন।  
যুদ্ধ হবে।

প্রেম হবে জন্মভূমির চরিত্র।  
মানুষগুলো বাঁচবে এবং  
মানুষগুলো ভালবাসবে।  
আপনারা থামুন।  
যুদ্ধ হবে।

---

অংশু মোস্তাফিজ

সাংবাদিক, বগুড়া, বাংলাদেশ।

BtgBj t [aungso1987@gmail.com](mailto:aungso1987@gmail.com)

অংশুর আগের লেখাগুলো পড়তে এখানে [টোকামারুন](#)